

2024-24 শিক্ষা বছরের জন্য বার্ষিক PPRA বিজ্ঞপ্তি

'শিক্ষার্থীদের অধিকার সুরক্ষা সংক্রান্ত সংশোধনী' (প্রটেকশন অভ পিপল রাইটস্ অ্যামেন্ডমেন্ট, PPRA) পিতামাতা এবং 18 ও এরচেয়ে বেশি বয়সী শিক্ষার্থীদের বিভিন্ন জরিপে অংশগ্রহণ, মার্কেটিংয়ের উদ্দেশ্যে তথ্য সংগ্রহ ও ব্যবহার, এবং নির্দিষ্ট শারীরিক পরীক্ষার (ফিজিক্যাল এক্সাম) ক্ষেত্রে কিছু নির্দিষ্ট অধিকার রয়েছে।

PPRA আপনি ও আপনার সন্তানকে উল্লেখিত সুরক্ষাসমূহ প্রদান করে:

- কোনো জরিপ, বিশ্লেষণ, অথবা মূল্যায়ন, যা নিম্নোক্তগুলোর সাথে সংশ্লিষ্ট তথ্য প্রকাশ করে ("সুরক্ষিত ক্ষেত্রসমূহ"), সেগুলোতে শিক্ষার্থীরা অংশগ্রহণের আগে লিখিত সম্মতি প্রদানের অধিকার:
 - শিক্ষার্থী অথবা তার পিতামাতার রাজনৈতিক সংশ্লিষ্টতা অথবা ধ্যান-ধারণা;
 - শিক্ষার্থী অথবা তার পিতামাতার মানসিক অথবা মনস্তাত্ত্বিক সমস্যাসমূহ;
 - যৌন আচরণ অথবা দৃষ্টিভঙ্গি;
 - অবৈধ, অসামাজিক, নিজেকে অপরাধে জড়িয়ে ফেলা, অথবা অবমাননাকর আচরণ;
 - উত্তরদাতাদের সাথে ঘনিষ্ঠ পারিবারিক সম্পর্ক রয়েছে এমন ব্যক্তিদের সমালোচনামূলক মূল্যায়ন
 - আইনগতভাবে স্বীকৃত গোপনীয়তা রক্ষাকারী সম্পর্কসমূহ, যেমন আইনজীবী, ডাক্তার, অথবা পাদ্রি (মিনিস্টার);
 - শিক্ষার্থী অথবা তার পিতামাতার ধর্মীয় সংশ্লিষ্টতা অথবা ধ্যান-ধারণা;
 - প্রোগ্রামে যোগ্যতা নির্ধারণের জন্য আইন দ্বারা আবশ্যিক ব্যতীত অন্য আয়।
- বিভিন্ন ঐচ্ছিক জরিপ, বিশ্লেষণ, অথবা মূল্যায়ন যা সুরক্ষিত বিষয়সমূহ সংক্রান্ত তথ্য প্রকাশ করে, সেগুলো সম্পর্কে বিজ্ঞপ্তি পাবার এবং সেগুলোতে আপনার সন্তানকে অংশগ্রহণ থেকে অব্যাহতি দেয়ার সুযোগ পাওয়ার অধিকার।
- আপনার সন্তানকে কোনো জরুরি নয় ও সীমা অতিক্রমকারী ফিজিক্যাল এক্সামিনেশন (শারীরিক পরীক্ষা) কিংবা স্ক্রিনিং, যা অংশগ্রহণের একটি শর্ত হিসেবে আবশ্যিক, স্কুল দ্বারা পরিচালিত এবং আগে থেকেই সময়সূচিকৃত, এবং সর্বক্ষেত্রে শিক্ষার্থীকে অথবা অন্য শিক্ষার্থীদের তাৎক্ষণিক স্বাস্থ্য ও নিরাপত্তার সুরক্ষা দেয় না, সেগুলো সম্পর্কে বিজ্ঞপ্তি বা নোটিশ পাবার অধিকার এবং সেগুলোতে অংশগ্রহণ থেকে অব্যাহতি দেয়ার একটি সুযোগ।
- অনুরোধ সাপেক্ষে, নিম্নোক্তগুলো প্রদান কিংবা ব্যবহারে আগে সেগুলো দেখে নেয়ার অধিকার:
 - এমন কোনো জরিপ, যা উপরোল্লিখিত সুরক্ষিত বিষয়সমূহের সাথে সংশ্লিষ্ট তথ্য জিজ্ঞাসা করে; এবং
 - যেকোনো শিক্ষাগত পাঠ্যক্রমের অংশ হিসেবে ব্যবহৃত যেকোনো শিক্ষা-নির্দেশনামূলক উপকরণ।

PPRA-এর অধীনে শিক্ষার্থীর গোপনীয়তা সংক্রান্ত অতিরিক্ত তথ্য-সংস্থান যুক্তরাষ্ট্রের ডিপার্টমেন্ট অভ এডুকেশনের স্টুডেন্ট প্রাইভেসি পলিসি অফিসের ওয়েবসাইট <https://studentprivacy.ed.gov> -এ পাওয়া যাবে।

যেসব পিতামাতা বিশ্বাস করেন যে তাদের PPRA অধিকার লঙ্ঘিত হয়েছে, তারা <https://studentprivacy.ed.gov/file-a-complaint> -এ "PPRA complaint form" (অভিযোগের ফর্ম) বেছে নিয়ে অনলাইনে একটি অভিযোগ দায়ের করতে পারেন অথবা ফর্মটি নিম্নোক্ত ঠিকানায় ডাকযোগে পাঠাতে পারেন:

Student Privacy Policy Office
U.S. Department of Education
400 Maryland Avenue
S.W. Washington, D.C. 20202